গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারেরকার্যালয়
দিঘলিয়া, খুলনা
www.fisheries.digholia.khulna.gov.bd

স্মারকনং-৩৩.০২.৪৭৪০.৫০১.৩৭.০০৫.২১.৩৬৭(গ)

তারিখ- ১৪ পৌষ ১৪২৯বঙ্গা.
২৯/১২/২০২২খ্রি.

বিষয়- তথ্য অধিকারআইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মপরিকল্পনার আওতায় তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, দিঘলিয়া, খুলনা-এর যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণ করা হলো।

| ক্রমিকনং | তথ্যের ক্যাটেগরি | অন্তর্ভূক্ত তথ্য সমূহ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | স্বপ্রণোদিতভাবে প্রকাশ যোগ্য তথ্য | দপ্তরের সাংগঠনিক কাঠামোর বিবরণ; মৎস্য বিভাগের কার্যক্রম; কার্যবন্টন; দপ্তরের কর্মকর্তাদের নাম, পদবী ও দায়িত্ব; মৎস্য অধিদপ্তরের বিদ্যমান আইন, বিধিমালা, নীতিমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা; বার্ষিক প্রতিবেদন; মৎস্য অধিদপ্তরের বাজেট ও বাজেট প্রক্ষেপন; নাগিরক সনদ;সকল প্রকাশিত প্রতিবেদন; তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়াজিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা , আপীল কর্তৃপক্ষের ও তথ্য; বাস্তবায়িত ও চলমান উন্নয়ন প্রকল্পের তালিকা, সকল বিজ্ঞপ্তি/টেন্ডার বিজ্ঞপ্তি ইত্যাদি। | |
| খ. | চাহিদার ভিত্তিতে প্রদান যোগ্য তথ্য | মৎস্য উৎপাদন সংক্রান্ত তথ্য;নিবন্ধিত মৎস্যজীবীদের তালিকা; ভিজিএফ প্রাপ্ত মৎস্য জীবীদের তালিকা তালিকা; প্রনোদনা প্রাপ্ত চাষিদের তালিকা; মৎস্য খাতে ক্ষুদ্রঋণের সুফলভোগীদের তালিকা; প্রদর্শনী প্রাপ্ত মৎস্যজীবী/চাষিদের তালিকা; বিকল্প কর্মসংস্থান উপকরণ প্রাপ্ত মৎস্যজীবীদের তালিকা; প্রশিক্ষণ প্রাপ্ত মৎস্যজীবী ও মৎস্য চাষিদের তালিকা; মৎস্য অধিদপ্তরের আওতায় প্রশিক্ষণের সম্ভাব্য পরিকল্পনা (যদিথাকে); উন্নয়ন প্রকল্পের সুফলভোগীদের তালিকা; চিংড়ি ক্লাস্টার সমূহের তালিকা; সরকারী ক্রয়ের ক্ষেত্রে কোটেশন/টেন্ডারের সি.এস, ক্রয়ের তালিকা, ক্রয়কৃত মালামালের বিবরণ; লাইসেন্সধারী মৎস্য খাদ্য বিক্রেতাগণের তালিকা; মৎস্য আইন বাস্তবায়নের প্রতিবেদন ইত্যাদি। | |
| গ. | প্রদান ও প্রকাশ বাধ্যতা মূলকনয়, এমন তথ্য | মৎস্য চাষি/মৎস্যজীবী/সুফলভোগীদের মোবাইল নম্বর, ব্যাংক হিসাব, এনআইডি নম্বর, ব্যক্তিগত তথ্য, বাৎসরিক মৎস্য উৎপাদন ইত্যাদি সংক্রান্ত তথ্য; রেজিস্ট্রেশন প্রাপ্ত মৎস্য চাষিদের রেজিস্ট্রেশন নম্বর ও উৎপাদন সংক্রান্ত তথ্য; ক্রয় সংক্রান্ত বিল-ভাউচার; মৎস্য আইন বাস্তবায়ন সংক্রান্ত পরিকল্পন, জরিমানা/দন্ডপ্রাপ্ত ব্যক্তির নাম-ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্য; লাইসেন্সধারী মৎস্য খাদ্য বিক্রেতার বিক্রয় সংক্রান্ত তথ্যাদি ইত্যাদি। | |

সংযুক্তিঃ তথ্যের ক্যাটালগ।

মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
দিঘলিয়া, খুলনা
মোবাইল নম্বরঃ ০১৭৬৯-৪৫৯৪৫২
ই-মেইলঃsufodigholia@gmail.com

জেলা মৎস্য অফিসার
খুলনা।

**ক. স্বপ্রণোদিত ভাবে প্রকাশযোগ্য তথ্য**

১) এ ধরনের তথ্য মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং এর আওতাধীন ও অধীনস্থ দপ্তরসমূহ স্বপ্রণোদিত হয়ে নোটিশ বোর্ড, ওয়েবসাইট, ব্রশিওর, মুদ্রিত বই বা প্রতিবেদন, বিলবোর্ড, সাইন বোর্ড, স্টিকার, পোস্টার, বুকলেট, লিফলেট, নিউজ লেটার, পত্রিকায় বিজ্ঞপ্তির ম্যাধমে প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে প্রকাশ ও প্রচার করা এর অর্ন্তভূক্ত হবে।

২) এ ধরনের তথ্য চেয়ে কোন নাগরিক আবেদন করলে তখন তা চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত পন্থায় আবেদনকারীকে তা প্রদান করবেন।

৩) মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এ নীতিমালার পরিশিষ্টে ওমৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ ও প্রচার করবে।

৪) প্রয়োজন অনুযায়ী সময়ে সময়ে এ তালিকা হালনাগাদ করা হবে।

**খ. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য**

১) মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এবং এ নীতিমালার পরিশিষ্টে ও মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ ও প্রচার করবে।

২) প্রয়োজন অনুযায়ী সময়ে সময়ে এ তালিকা হালনাগাদ করা হবে।

**গ. প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন তথ্য**

১) এ নীতিমালার অন্যান্য অনুচ্ছেদে যা কিছুই থাকুক না কেন মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং এর আওতাধীন ও অধীনস্থ অফিসসমূহ নিম্নোক্ত তথ্যসমূহ প্রদান বা প্রকাশ বা প্রচার করতে বাধ্য থাকবে না :

(ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্ত্বা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এরূপ তথ্য;

(খ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;

(গ) কোন তথ্যপ্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরূপ তথ্য;

(ঘ) কোন তথ্যপ্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য;

(ঙ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য;

(চ) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এরূপ তথ্য;

(□) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এরূপ তথ্য;

(জ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

(ঝ) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

(ঞ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে, এরূপ তথ্য;

(ট) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

(ঠ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

**মৎস্য অধিদপ্তরের গুরুত্বপূর্ণ কার্যাবলী**

- মৎস্য ও মৎস্যজাত দ্রব্যাদির মাননিয়ন্ত্রণ ও রপ্তানি;
- মৎস্য আবাস্থল উন্নয়ন ও প্রদশনী খামার স্থাপন;
- মৎস্যচাষি ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও চাষির খামার পরিদর্শন;
- মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের পরামর্শ প্রদান;
- বিল নার্সারী স্থাপন ও পরিচালনা এবং উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ;
- মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন ;
- মৎস্য খাদ্যের মানপরীক্ষা;
- মাছ ধরার ট্রলার ও নৌযানসমূহকে লাইসেন্স কাযক্রমের আওতায় আনায়ন;
- আইইউইউ (IUU)মৎস্য আহরণ রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- ইলিশ সম্পদ উন্নয়নে জেলেদের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন;
- মৎস্য ও মৎস্যজাত দ্রব্যাদির মাননিয়ন্ত্রণ ও রপ্তানি
- মৎস্য ও চিংড়ি সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনায় বিভিন্ন আইন Formulation ও বাস্তবায়ন;
- মানসম্মত ও গুণগত মানের ব্রুড মাছ উৎপাদনে ব্যবস্থা গ্রহণ;
- দুর্যোগ ব্যবস্থাপনা;
- অর্ডিট নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি;
- সমুদ্র সম্পদ সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে ব্লু-ইকোনোমি অর্জনে কার্যক্রম বাস্তবায়ন;
- পূণ:খননের মাধ্যমে মাছের আবাসস্থল উন্নয়ন;
- মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান কার্যক্রমের লক্ষে ব্যবস্থা গ্রহণ;
- রপ্তানীযোগ্য মৎস্য ও মৎস্য পণ্যের কনসাইমেন্ট পরিদর্শন ও এনআরসিপি পরীক্ষা করণ;
- রপ্তানীতব্য মৎস্য ও মৎস্য পণ্যের নমুনা সংগ্রহ, পরীক্ষা ও স্বাস্থ্যকরত: সনদ প্রদন;
- মাছের অভয়াশ্রম স্থাপন, ব্যবস্থাপনা ও বিলুপ্ত প্রজাতির মাছ সংরক্ষণ;
- মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন ও অভিযান পরিচালনা;
- লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও পরিবেশ সহনশীল মৎস্য প্রযুক্তি সম্প্রসারণ;
- মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণ প্রদান;
- নিরাপদ মাছ উৎপাদন ও বিপননে ব্যবস্থা গ্রহণ।

পরিশিষ্ট -১ স্ব-প্রণোদিত তথ্যের তালিকাঃ

- মৎস্য অধিদপ্তরের সাংগঠিনক কাঠামোর বিবরণ;
- মৎস্য অধিদপ্তরের কার্যক্রম;
- কার্যবন্টন;
- মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাদের নাম, পদবী ও দায়িত্ব এবং প্রযোজ্য ফ্যাক্স নম্বর ওফোন ই-মেইলঠিকানা;
- মৎস্য অধিদপ্তরের বিদ্যমান আইন, বিধিমালা, নীতিমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা;
- বার্ষিক প্রতিবেদন;
- মৎস্য অধিদপ্তরের বাজেট ও বাজেট প্রক্ষেপন ( আপ্যায়ন ও উন্নয়ন);
- নাগিরক সনদ;
- সকল প্রকাশিত প্রতিবেদন;

- তথ্য অধিকার আইনঅনুযায়ী নিয়াজিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা , আপীল কর্তৃপক্ষের ও তথ্য কমিশনারের নাম, পদবী ও ঠিকানা;
- মৎস্য অধিদপ্তরের এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের বাজেট;
- বাস্তবায়িত ও চলমান উন্নয়ন প্রকল্পের তালিকা, প্রস্তাবিত খরচ, প্রকৃত ব্যয়ের বিবরণ সহসংক্ষিপ্ত বিবরণী;
- সকল বিজ্ঞপ্তি/টেন্ডার বিজ্ঞপ্তি;
- মন্ত্রণালয়ের সভা সংক্রান্ত তথ্য;

**পরিশিষ্ট-২ চাহিবা মাত্র প্রদানে বাধ্য তথ্য তালিকা**

- বৈদেশিক প্রশিক্ষণ/বিদেশ ভ্রমণ সংক্রান্ত;
- উল্লেখ যোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য;
- বার্ষিক অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত;
- কর্মকর্তাদের প্রশাসিনক ও আর্থিক ক্ষমতা অর্পণ : (Delegation of authority)

**পরিশিষ্ট-৩ যে সমস্ত তথ্য প্রদান বা প্রকাশ বাধ্যতামূলক নয়**

- তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় উল্লেখিত তথ্য;
- মত্রণালয় সংস্থা মন্ত্রীপরিষদের গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা /অনুশাসন;
- মত্রণালয় সংস্থা প্রধামন্ত্রীর গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা /অনুশাসন;
- রাস্ত্রপতি প্রদত্ত গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা /অনুশাসন;
- কোন মত্রণালেয়র সচিব/মন্ত্রীকর্তৃক প্রদত্ত গোপনীয় বিষয় সংক্রান্ত;
- রাস্ত্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কাজে নিয়াজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন;
- সরকারি ভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/স্বীকৃততথ্য।

মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
দিঘলিয়া, খুলনা
মোবাইল নম্বরঃ ০১৭৬৯-৪৫৯৪৫২
ই-মেইলঃsufodigholia@gmail.com